

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০২.১৭. ৭৮৯

তারিখ : ১৮ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ।
০৪ অক্টোবর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

বিষয় : সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল করিম তালুকদার এর বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ জারী সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, সিরাজগঞ্জ কার্যালয়ের স্মারক নং-৫৪৫, তারিখঃ ১১ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল করিম এর বিরুদ্ধে ইউপি চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে জনগণের মধ্যে চারিত্রিক ও নাগরিক সনদপত্র বিতরণ করছেন মর্মে অভিযোগ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী তিনি স্বীয় পদ থেকে অপসারণযোগ্য। তাঁকে সদস্য পদ থেকে অপসারণপূর্বক পদ শূণ্য ঘোষণা করা আবশ্যিক। তবে অপসারণের পূর্বে বিধি মোতাবেক তাঁকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করতে হবে।

০২। বর্ণিতাবস্থায়, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল করিম এর সদস্য পদ কেন শূণ্য ঘোষণা করা হবেনা তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ড. সৈয়দা নওশীন পিগিনী)

সিনিয়র সহকারী সচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ রেজাউল করিম
সদস্য, ০২ নং ওয়ার্ড
কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদ
সিরাজগঞ্জ।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ (উল্লিখিত সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক সদস্যের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।